# UAP-PRD

**April 02, 2017**

সমকাল

রিভারাইন পিপল-সমকাল সুহৃদ সমাবেশ উদ্যোগ

# নদী রক্ষায় তরুণদের এগিয়ে আসতে হবে

জাতীয় নদী অলিম্পিয়াডের অনুষ্ঠানে বিশিষ্টজন




শনিবার রাজধানীর বসুন্ধরায় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি মিলনায়তনে 'রিভারাইন পিপল-সমকাল সুহৃদ সমাবেশ' আয়োজিত জাতীয় নদী অলিম্পিয়াডের বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্বের উদ্বোধন অনুষ্ঠানে মেয়র আনিসুল হকসহ অতিথিবৃন্দ- সমকাল

সমকাল প্রতিবেদক

**নদী অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে উন্নীতরা**: অনুষ্ঠানের শুরুতেই নদী অলিম্পিয়াডে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হয়। শেষে চূড়ান্ত পর্বে উত্তীর্ণ ২১ জনের নাম ঘোষণা করা হয়। **উত্তীর্ণরা হলেন ইউনিভার্সিটি অব**

**এশিয়া প্যাসিফিকের শিক্ষার্থী কৌশিক বসাক, মু. জুবায়ের আহমাদ, সোহরাব হোসেন, সাফায়াত হোসেন, মোহাম্মদ সাজ্জাদ হোসেন,** ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জতহর দুদায়েভ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির খন্দকার ইমতিয়াজ হাসান, অমিত সাহা, উদিতা চাকমা, জিসান চৌধুরী, আবির হাসান, রাহাত বিন খালেক, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এএইচএম রেজওয়ানুল হক, সাব্বির উদ্দিন, মো. জাহিদ হাসান, তাবাসসুম মেহজাবিন, সিটি বিশ্ববিদ্যালয়ের ওয়ালিদ আহমেদ, হাসান মাহমুদ, মোহাম্মদ নাইমুর রহমান, ইসকানা সানজিদা ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের নিয়াজ মোর্শেদ।

নদীকে মায়ের সঙ্গে তুলনা করে তা রক্ষার আন্দোলনে তরুণদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন বিশিষ্টজন। তারা বলেছেন, মা থাকতে যেমন তার মর্যাদা বোঝা যায় না। তেমনি নদী থাকতে নদীর গুরুত্ব বোঝা যায় না। মানুষের জীবন ও জীববৈচিত্র্য রক্ষায় নদীর প্রয়োজনীয়তা কতটুকু তা হারিয়ে গেলেই বোঝা যায়। তাই নদী রক্ষায় বিশেষ করে তরুণ প্রজন্মকেই এগিয়ে আসতে হবে। গতকাল শনিবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি মিলনায়তনে উন্নয়ন সংগঠন রিভারাইন পিপল ও সমকাল সুহৃদ সমাবেশের যৌথভাবে আয়োজিত জাতীয় নদী অলিম্পিয়াডের বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্বের অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক প্রধান অতিথি, সমকাল সম্পাদক গোলাম সারওয়ার সম্মানীয় অতিথি ও নদী বিশেষজ্ঞ অধ্যাপক ড. আইনুন নিশাত বিশিষ্ট আলোচক ছিলেন। এ ছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উন্নয়ন কর্মী, সাংবাদিকসহ বিশিষ্টজনেরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ২১ শিক্ষার্থীকে জাতীয় নদী অলিম্পিয়াডের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মনোনীত করা হয়। আনিসুল হক বলেন, সন্তানের কাছে মায়ের দুধ যেমন প্রয়োজনীয়, নদীর পানিও ভূমির জন্য তেমনই। একসময় বলা হতো নদীমাতৃক বাংলাদেশ। সেই নদী আজ হারিয়ে যাচ্ছে। ডিএনসিসি এলাকায় ২৬টি খাল থাকার কথা। বৃষ্টির পানি খাল দিয়েই নদীতে চলে যাওয়ার কথা ছিল। সেই খাল ও নদী হারিয়ে গেছে। এখন ডিএনসিসি এলাকার জলজট নিরসন করাই মেয়রের জন্য কঠিন চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বৃষ্টির পানি এখন আর নদীতে যায় না। দখলদাররা নদী দখল ও ভরাট করেছে। আজ ঢাকা বিশ্বের দ্বিতীয় দূষিত শহরে পরিণত হয়েছে। দূষণের কারণে ২৫ শতাংশ শিশুর ফুসফুস নষ্ট হচ্ছে। অনেক কাজ মেয়রের এখতিয়ারে পড়ে না। তার পরও অনেক পদক্ষেপ নেওয়া হচ্ছে জানিয়ে তিনি সেগুলো তুলে ধরেন। গোলাম সারওয়ার নদীর নাজুক অবস্থার কথা উল্লেখ করে বলেন, প্রমত্তা পদ্মা কোথাও কোথাও এখন ধু-ধু বালুচরে পরিণত হয়েছে। শিগগির আমাদের প্রধানমন্ত্রী ভারত সফরে যাচ্ছেন। সেই সফরের মাধ্যমে আমরা তিস্তার পানি প্রত্যাশা করব। তিনি নদী রক্ষার আন্দোলনে মেয়র আনিসুল হককে পাশে পাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন। তিনি আরও বলেন, নদী রক্ষার আন্দোলনে সমকাল সকলের সঙ্গী থাকবে। ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির ট্রাস্টি আবদুল হাই সরকার বলেন, যমুনা এখন আর ভাঙে না। কারণ চর জেগেছে। স্বাধীনতার পর নৌপথ ছিল ২৪ হাজার কিলোমিটার। এখন ৮ হাজার কিলোমিটার হয়েছে। একই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম ওমর রহমান বলেন, নদীগুলো বিলীন হয়ে যাচ্ছে। আগে সাত-আটশ' নদী ছিল। এখন তা চারশ'তে নেমে এসেছে। জাতীয় নদী কমিশনের সদস্য ড. আলাউদ্দিন বলেন, আগে নদী রক্ষায় কোনো প্রতিষ্ঠান ছিল না। বর্তমান প্রধানমন্ত্রী জাতীয় নদী রক্ষা কমিশন গঠন করেছেন। এখন ঢাকার চারপাশের নদীগুলো রক্ষা করতে হবে। ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির ডিন ড. আবদুল খালেক বলেন, বেশিরভাগ নদীই আজ প্রাণ ও অস্তিত্বহীন। প্রমত্তা পদ্মার এখন মরুভূমির মতো অবস্থা। আবদুল আলীমের সর্বনাশা পদ্মা এখন কেবলই বালুচর। অনুষ্ঠানের প্রথম পর্বে আরও বক্তব্য রাখেন সুহৃদ সমাবেশের বিভাগীয় প্রধান সিরাজুল ইসলাম আবেদ, রিভারাইন পিপলের পরিচালক মহিউদ্দিন নিলয় প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন রিভারাইন পিপলের পরিচালক নুশরাত খান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল প্রশ্নোত্তর। এ সময় অতিথিরা নদী নিয়ে শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এ পর্বে রিভারাইন পিপলের মহাসচিব শেখ রোকনের সঞ্চালনায় বক্তব্য রাখেন উন্নয়ন সংগঠন সিএসআরএলের সাধারণ সম্পাদক জিয়াউল হক মুক্তা, বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) যুগ্ম সম্পাদক শরিফ জামিল, সিএনআরএসের পরিচালক আনিসুল ইসলাম, উন্নয়নকর্মী জিনাত আরা আফরোজ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির অধ্যাপক ড. মঞ্জুরুল মান্নান, ড. মিজানুর রহমান, পরিবেশ বিশেষজ্ঞ ড. ইশতিয়াক সোবহান।

অনুষ্ঠানের শেষ পর্বে ড. আইনুন নিশাত বলেন, নদীকে নদীর কাছে ফিরিয়ে দিতে হবে। আজ বুড়িগঙ্গার পানি

ভালো থাকলে পদ্মা থেকে পানি এনে ঢাকা শহরে সরবরাহের প্রয়োজন পড়ত না। কিন্তু এখন যমুনা থেকে এনে বুড়িগঙ্গার পানি ভালো করারও উদ্যোগ নিতে হচ্ছে। অথচ ঢাকার পাশেই শীতলক্ষ্যা, ধলেশ্বরী, বুড়িগঙ্গা, তুরাগ ও বালু নদী রয়েছে। সেগুলোর পানি এতই খারাপ যে, এসব নদীর পানি দিয়ে আর কাজ হচ্ছে না। তিনি নদী রক্ষায় সবাইকে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। সমকালের সহযোগী সম্পাদক অজয় দাশগুপ্ত বলেন, লঞ্চগুলো থেকে বর্জ্য নদীতে ফেলা হয়। এমনকি যাত্রীবাহী নৌযানগুলোতেও সাইনবোর্ড টানিয়ে নদীতে বর্জ্য ফেলার কথা বলা হয়। এসব বর্জ্য নদীতে না ফেলে নির্দিষ্ট গন্তব্যে গিয়ে নির্দিষ্ট স্থানে ফেলা যেতে পারে। নৌযান কর্তৃপক্ষের অসচেতনতার কারণে আজ নদী ধ্বংসের মুখে পড়েছে।

**নিরাপত্তা বিশ্লেষক ইশফাক ইলাহী চৌধুরী বলেন, তিস্তার পানি পাওয়ার ন্যায্য অধিকার থাকলেও আমরা বঞ্চিত হচ্ছি। এ ক্ষেত্রে ভারতের কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সমঝোতার ঘাটতি রয়েছে। যে কারণে তিস্তা চুক্তি ঝুলে আছে। তবে আমরা প্রত্যাশা করি, প্রধানমন্ত্রীর আসন্ন ভারত সফরে তিস্তার পানি সমস্যার সমাধান হবে।** এ পর্বে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির শিক্ষক মো. নাদিরুজ্জামানের সঞ্চালনায় বক্তব্য রাখেন মানবাধিকার কর্মী শারমিন মুর্শিদ, সমকালের ফিচার সম্পাদক মাহবুব আজীজ। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করে সমাপনী বক্তব্য রাখেন ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. মিলান পাগন।

http://bangla.samakal.net/2017/04/02/281940

কালের কণ্ঠ

নোটিশ বোর্ড

# আইইউবিতে জাতীয় নদী অলিম্পিয়াড

২ এপ্রিল, ২০১৭ ০০:০০

‘জানবে যদি, জাগবে নদী’ স্লোগান নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে নদীবিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশে (আইইউবি) হয়ে গেল ‘জাতীয় নদী অলিম্পিয়াড : বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্ব’। গতকাল শনিবার রাজধানীর বসুন্ধরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ অনুষ্ঠান হয়। আইইউবির এনভায়রনমেন্ট ক্লাব, রিভারাইন পিপল ও সমকাল সুহৃদ সমাবেশের যৌথ আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। বিশেষ অতিথি ছিলেন আইইউবির প্রতিষ্ঠাতা ট্রাস্ট ও ইএসটিসিডিটির চেয়ারম্যান আব্দুল হাই সরকার। সম্মানিত অতিথি ছিলেন দৈনিক সমকালের সম্পাদক গোলাম সারওয়ার। সভাপতিত্ব করেন আইইউবি উপাচার্য অধ্যাপক এম ওমর রহমান। সংবাদ বিজ্ঞপ্তি।

http://www.kalerkantho.com/print-edition/news/2017/04/02/481688

TRUE AND IMPARTIAL

daily sun

# National River Olympiad held at IUB

**Sun Campus Desk** 2 April, 2017 12:00 AM



o identify and encourage ‘river-talent‘ among the university students and to make ‘save the river’ movement more credible in Bangladesh, ‘National River Olympiad: Private University Round’ was organised at Independent University, Bangladesh (IUB) on April 01 at its own campus in Bashundhara, Dhaka. Upholding the theme ‘know your river, revive it better’, the Olympiad was jointly organised by the Environmental Club, IUB, Riverine People and Samakal Shurid Samabesh.

In the inaugural session, AnnisulHuq, Mayor, Dhaka North City Corporation (DNCC) was present as the Chief Guest while Abdul Hai Sarkar, Chairman, ESTCDT was theSpecial Guest and Golam Sarwar, Editor, Daily Samakal was the Guest of Honour.
The session was presided over by Prof. M. Omar Rahman, Vice Chancellor, IUB.

The Chief Guest, Mayor of Dhaka North City Corporation, Annisul Huq highlighted the efforts taken by DNCC to stop environmental pollutions of Dhaka city. He also shared his plans and urged all concerned, especially the youth to come forward and participate in environment saving movements. Special Guest Mr. Sarkar stressed on raising people awareness to stop river pollution and river encroachments.

About 200 private university students from graduate and post graduate levels participated in the daylong program. In the River Olympiad quiz competition, participants had to answer twenty-nine MCQs and one analytical question within sixty minutes. After the competition, a lively and interactive panel discussion based on the questions asked by the participants was held where relevant experts of this sector took part.

In the closing session, certificates were awarded to 21 winners who will participate in the final round of River Olympiad to be held at the University of Dhaka. Among others, Dr. Ainun Nishat, former Vice-Chancellor and Professor Emeritus, BRAC University, Sharmeen Murshid, Member,

National River Commission and officials of Riverine People and Samakal Shurid Samabesh spoke in this session.

http://www.daily-sun.com/printversion/details/216393/National-River-Olympiad-held-at-IUB

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

# নদী অলিম্পিয়াডে আজ বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্ব

সমকাল প্রতিবেদক

জানবে যদি, জাগবে নদী_ প্রতিপাদ্য সামনে রেখে শুরু হওয়া 'রিভারাইন পিপল-সমকাল সুহৃদ সমাবেশ জাতীয় নদী অলিম্পিয়াডে'র বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্ব আজ শনিবার সকাল সাড়ে ৯টায় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) মিলনায়তনে অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভাগীয় পর্যায়ের সর্বশেষ এ অলিম্পিয়াডের উদ্বোধন করবেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। উপস্থিত থাকবেন সমকাল সম্পাদক গোলাম সারওয়ার। দিনব্যাপী অলিম্পিয়াডের বিভিন্ন পর্বে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জলবায়ু ও নদী বিশেষজ্ঞ অধ্যাপক আইনুন নিশাত, ইএসটিসিডিটিএর চেয়ারম্যান আবদুল হাই সরকার, আইইউবির উপাচার্য অধ্যাপক ড. ওমর রাহমান, জাতীয় নদী রক্ষা কমিশনের সদস্য শারমীন মুরশিদ ও মো. আলাউদ্দিন, নিরাপত্তা বিশেষজ্ঞ ইশফাক ইলাহী চৌধুরী, সমকালের সহযোগী সম্পাদক অজয় দাশগুপ্ত, ফিচার সম্পাদক মাহবুব আজীজ, রিভারাইন পিপলের মহাসচিব শেখ রোকন, পরিচালক মহিউদ্দিন নিলয়, সমকাল সুহৃদ সমাবেশের বিভাগীয় সম্পাদক সিরাজুল ইসলাম আবেদ প্রমুখ।

বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকবেন সিএসআরএলের সাধারণ সম্পাদক জিয়াউল হক মুক্তা, সিএনআরএসের পরিচালক আনিসুল ইসলাম, বাপার যুগ্ম সম্পাদক শরীফ জামিল, অ্যাকশনএইডের অধিকর্তা শমশের আলী, উইনরক ইন্টারন্যাশনালের জিনাত আরা আফরোজ, রিভারাইন পিপলের মোহাম্মদ এজাজ, নূসরাত খান, আইইউবির শিক্ষক মনজুরুল মান্নান, ইউএপির শিক্ষক মিজানুর রাহমান প্রমুখ।

নতুন প্রজন্মকে নদী সম্পর্কে জানাতে, জানার আগ্রহ বাড়িয়ে তুলতে স্বেচ্ছাসেবী নদীবিষয়ক সংগঠন রিভারাইন পিপল এবং সমকাল সুহৃদ সমাবেশ 'রিভারাইন পিপল-সমকাল সুহৃদ সমাবেশ জাতীয় নদী অলিম্পিয়াড' এই অনুষ্ঠানের আয়োজন করেছে। নদীর মতো গুরুত্বপূর্ণ বিষয়টি সম্পর্কে স্বচ্ছ ধারণা দিতে, দেশে নদীর প্রয়োজনীয়তা ও নদীবিষয়ক জ্ঞান ছড়িয়ে দিতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের নিয়ে এ অলিম্পিয়াড অনুষ্ঠিত হচ্ছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্যায়ের অলিম্পিয়াডে অংশ নিচ্ছে আইইউবি, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইস্টওয়েস্ট ইউনিভার্সিটি, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিটি ইউনিভার্সিটি, আশা ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল, ইস্টার্ন ইউনিভার্সিটি, ইউনাইটেড ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি ও ড্যাফোডিল ইউনিভার্সিটির ২৫০ জন নিবন্ধিত শিক্ষার্থী

http://bangla.samakal.net/2017/04/01/281561#sthash.3WdNn2ak.PgYmypHp.dpuf